# সূচি

**ভূমিকা** ..... i

১ অধ্যায়: তোমার অধিকার সম্পর্কে জান ..... ii

২ অধ্যায়: তোমার সুযোগসুবিধা সম্পর্কে আরও জান ..... iv

৩ অধ্যায়: কীভাবে তুমি তোমার আরও স্কুল/কর্মসূচি সুবিধার সুযোগ নেবে ..... vi

৪ অধ্যায়: সজ্ঞাত সিদ্ধান্ত নাও ..... viii

স্পেশাল এডুকেশন সার্ভিস ..... ix

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার ..... x

সাইটে অভিগম্যতা ..... xi

শিক্ষার্থী পিতামাতাদের জন্য পরিষেবা ..... xiii

নিউ ইয়র্ক সিটি অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট ..... xvii

নিউ ইয়র্ক স্টেট অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট ..... xiv

৫ অধ্যায়: মাধ্যমিকউত্তর পরিকল্পন .....

৬ অধ্যায়: আরও হাই স্কুল ও কর্মসূচি নির্দেশিকা সম্পর্কে জান .....

আরও হাই স্কুল ও কর্মসূচি নির্দেশিকা ২০১০-২০১১ ডিজাইন প্রতিযোগিতা .....

**স্কুল/কর্মসূচি বিবরণ পৃষ্ঠা**

ব্রংক্স ..... 1

ব্রুকলিন .....

ম্যানহাটন .....

কুইন্স .....

স্ট্যাটেন আইল্যান্ড .....

**হাই স্কুল ও কর্মসূচিসমূহের বর্ণানুক্রমিক নির্ঘণ্ট** .....

*জোয়েল আই. ক্লাইন, চ্যান্সেলর*

## গ্র্যাজুয়েট হওয়ার জন্য এখনও বেশি দেরি হয়ে যায়নি!

তুমি যদি ১৫-২১ বছর বয়সী হয়ে এবং ক্রেডিট অর্জনে পিছিয়ে পড়ে থাক, তোমার জন্য বিকল্প পথ খোলা রয়েছে। তোমাকে গ্র্যাজুয়েশনের পথে ফিরিয়ে আনতে এবং হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত করতে, সেটা তুমি কলেজে ঢোক, চাকরি নাও কিংবা কোন প্রশিক্ষণ কর্মসূচিতে যাও, নিউ ইয়র্ক সিটির বহু স্কুল ও কর্মসূচি রয়েছে।

তোমাকে সজ্ঞাত সিদ্ধান্তগ্রহণে সাহায্য করতে, নিউ ইয়র্ক সিটির আরও হাই স্কুল এবং কর্মসূচি সম্পর্কিত সুযোগসুবিধাগুলোর কথা জানার জন্য তুমি এবং তোমার পরিবার এই নির্দেশিকা ব্যবহার করতে পার। তুমি যত বেশি রিসার্চ করবে, যত বেশি স্কুলের সাথে যোগাযোগ করবে, এবং তোমার সম্ভাব্য বিকল্প পথগুলো বিবেচনা করার জন্য যত বেশি সময় নেবে, তোমার জন্য ঠিক স্কুল বা কর্মসূচি বাছাইয়ে তুমি তত বেশি তৈরি থাকবে।

## কীভাবে এই নির্দেশিকা ব্যবহার করবে

এই নির্দেশিকার প্রতিটি অধ্যায় তোমাকে তোমার স্কুল ও কর্মসূচি অনুসন্ধান ও বাছাইয়ে সহায়তা করবে।

### ১ অধ্যায়: তোমার অধিকার সম্পর্কে জান

নিউ ইয়র্ক সিটির একজন শিক্ষার্থী হিশেবে তোমার অধিকার সম্পর্কে সচেতন থাক।

### ২ অধ্যায়: তোমার সুযোগসুবিধা সম্পর্কে আরও জান

সনাতন হাই স্কুল, ট্রান্সফার স্কুল, ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার(YABC), GED কর্মসূচির মধ্যে পার্থক্য বোঝ এবং সিদ্ধান্ত নাও কোনটি তোমার জন্য সঠিক।

### ৩ অধ্যায়: কীভাবে তুমি তোমার আরও স্কুল/কর্মসূচি সুবিধার সুযোগ নেবে

হাই স্কুলের বিকল্প পথগুলো জানতে বরো এনরোলমেন্ট অফিস এবং রেফারাল সেন্টারগুলো সম্পর্কে জান।

### ৪ অধ্যায়: সজ্ঞাত সিদ্ধান্ত নাও

তোমার অনুসন্ধানের পুরো সময়ে বিবেচনাযোগ্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো সম্পর্কে খোঁ নাও, যেমন স্কুলের ঠিকানা, দায়বদ্ধতার উপকরণ, শিক্ষার্থী-পিতামাতা, বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থী এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ELL)-দের জন্য পরিষেবা।

### ৫ অধ্যায়: মাধ্যমিক-উত্তর পরিকল্পন

তোমার ভবিষ্যতের কথা ভাব এবং তোমার জন্য কোন বিষয়টি গুরুত্বপূর্ণ তা বুঝতে সুবিধা হয় এমন প্রশ্নগুলো বিবেচনা কর।

### ৬ অধ্যায়: আরও হাই স্কুল নির্দেশিকা সম্পর্কে জান

এই নির্দেশিকার বিষয়বস্তু সম্পর্কে অবগত হও।

# ১ অধ্যায়: তোমার অধিকার সম্পর্কে জান

ডিপার্টমেন্ট অব এডুকেশন শিক্ষার্থীদের স্কুলে ভর্তি থাকতে বা আবার ভর্তি হতে উৎসাহিত করে এবং সব শিক্ষার্থীকে তাদের হাই স্কুল ডিপ্লোমা অর্জনের প্রচেষ্টায় সহায়তা করবে। এই অংশে শিক্ষার্থীদের অধিকার সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে, সুতরাং অনুগ্রহ করে মনোযোগ দিয়ে পড়।

## তোমার স্কুলে যাওয়ার অধিকার

তুমি যদি নিউ ইয়র্ক সিটির অধিবাসী হয়ে থাক, বয়স ২১ বছরের নিচে হয় এবং হাই স্কুল ডিপ্লোমা লাভ করে না থাক:

- তুমি যে স্কুলবছরে ২১ বছর বয়সী হবে তার শেষ অবধি তোমার নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন পরিচালিত একটি পূর্ণকাল হাই স্কুল বা হাই স্কুল কর্মসূচিতে ভর্তি থাকার অধিকার রয়েছে
- তোমার যেকোন সময়ে হাই স্কুলে আবার ভর্তি হওয়ার অধিকার রয়েছে
- হাই স্কুল থেকে খণ্ডকাল শিক্ষাকর্মসূচিতে তোমার ইচ্ছার বিরুদ্ধে তোমাকে বদলি করা হলে তোমার তা করতে অস্বীকৃতি জানানর অধিকার রয়েছে
- তোমার অধিকার রয়েছে সাময়িক বহিষ্কার ও ইচ্ছার বিরুদ্ধে বদলির নোটিস লাভ এবং সাময়িক বহিষ্কৃত বা আরেকটি স্কুলে বদলি হওয়ার আগে শুনানি বা বৈঠকের সুযোগ লাভ করার
- তোমার অধিকার এবং প্রক্রিয়াসমূহের পূর্ণাঙ্গ বিবরণের জন্য অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-240, A-443 ও দেখ A-450
- শুধু বয়স (যদি না তুমি যদি ২১ বছরের বেশি বয়সী হও), কম ক্রেডিট, খারাপ গ্রেড, স্কুল পালান, অনিয়মিত উপস্থিতি অথবা রিজেন্টস বা আরসিটি পরীক্ষায় অকৃতকার্যতার কারণে তোমাকে ক্লাস করায় বাধা দেয়া যাবে না
- তোমাকে যদি একটি GED কর্মসূচি বা আরেকটি স্কুলে বদলি করা হয়, তাহলে তোমার অধিকার রয়েছে নতুন স্কুলে বা কর্মসূচিতে নিবন্ধিত বা ভর্তি হওয়ার আগে পর্যন্ত তোমর বর্তমান স্কুলে ক্লাস করার

**চ্যান্সেলরের প্রবিধানের কপি তোমার স্কুলে এবং www.nyc.gov/schools ঠিকানায় অনলাইনে রয়েছে**

উপরন্তু, তোমার এসব অধিকার রয়েছে এমনকি তুমি যদি:

- ইচ্ছাকৃতভাবে ঝরে পড়ে থাক
- বর্তমানে একটি GED কর্মসূচিতে ভর্তি থাক
- ইতিমধ্যে GED বা IEP ডিপ্লোমা লাভ করে থাক
- একটি অনিচ্ছাকৃত পরিবেশে থেকে থাক, যেমন সংশোধনমূলক স্থাপনা বা মাদক রোধ কর্মসূচি
- তোমার স্কুল কর্তৃক শাস্তিপ্রাপ্ত হয়ে থাক
- বিকল্প কোন শিক্ষা কর্মসূচিতে পাঠান হয়ে থাকে, যেমন GED বা বৃত্তিমূলক কর্মসূচি

**প্রত্যেক স্কুলবছর সরকারিভাবে ১ জুলাই শুরু হয়।** তুমি যদি স্কুলে ভর্তি থাক এবং ১ জুলাই তারিখে বা তার পরে ২১ বছর বয়সী হয়ে থাক, তাহলে স্কুলবছর শেষ হওয়ার আগে পর্যন্ত তোমার স্কুলে থাকার অধিকার রয়েছে। তুমি যদি ১৭ বছর বা কম বয়সী হয়ে থাক এবং ১ জুলাই তারিখে বা তার পরে ১৭ বছর বয়সী হও, তাহলে স্কুলবছর শেষ হওয়ার আগে পর্যন্ত আইনগতভাবে তোমাকে স্কুলে থাকতে হবে, যদি না তুমি একটি হাই স্কুল বা সমতুল ডিপ্লোমা (GED) সম্পন্ন করে থাক।

# ১ অধ্যায়: তোমার অধিকার সম্পর্কে জান

## তোমার শিক্ষা পরিষেবা পাওয়ার অধিকার

- ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার হিশেবে শনাক্ত প্রত্যেক শিক্ষার্থীর দ্বিভাষিক শিক্ষা বা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ ক্লাস পাওয়ার অধিকার রয়েছে।

- তুমি যদি স্কুলে সমস্যায় পড়ে থাক, তাহলে হয়ত স্কুলে থাকা এবং সফল হওয়ার জন্য তুমি বিশেষ নির্দেশন এবং/অথবা পরিষেবা পেতে পার। এসব পরিষেবা এবং/অথবা নির্দেশনের মধ্যে রয়েছে অ্যাকাডেমিক ইন্টারভেনশন সার্ভিস, স্টুডেন্ট সার্ভিস, গাইডেন্স সার্ভিস এবং/অথবা শিক্ষাসম্পৃক্ত রিলেটেড সাপোর্ট সার্ভিস। এসব পরিষেবা সম্পর্কে তোমার গাইডেন্স কাউন্সেলরের কাছে জানতে চাও।

- শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন আছে কিনা নিরূপণে প্রত্যেক শিক্ষার্থী অথবা পিতামাতার যেকোন সময়ে মূল্যায়নের অনুরোধ জানানর অধিকার রয়েছে। কীভাবে মূল্যায়নের জন্য অনুরোধ করতে হবে সেকথা তোমর গাইডেন্স কাউন্সেলকে জিজ্ঞেস কর অথবা মূল্যায়নের অনুরোধ জানিয়ে সরাসরি কমিটি অন স্পেশাল এডুকেশন বরাবর চিঠি লেখ।

**কমিটি অন স্পেশার এডুকেশনকে যোগাযোগ করার তথ্য পাওয়া যাবে:**
http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Committees

# ২ অধ্যায়: তোমার সুযোগসুবিধা সম্পর্কে আরও জান

### নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ভর্তি প্রক্রিয়া

শিক্ষার্থীরা হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মধ্যে যেসব নিউ ইয়র্ক সিটি হাই স্কুলে আবেদন করে সেগুলোর মধ্যে রয়েছে: বড় সামগ্রিক হাই স্কুল, ক্ষুদ্র লার্নিং কম্যুনিটি স্কুল এবং ক্ষুদ্র নতুন স্কুল।

নিম্নলিখিতগুলোকে আরও হাই স্কুল সুযোগসুবিধা হিশেবে বিবেচনা করা হয় (আরও জানতে দেখ: www.goingforme.org):

### ট্রান্সফার হাই স্কুল

ট্রান্সফার স্কুলগুলো ছোট, প্রাতিষ্ঠানিকভাবে কঠোর, পূর্ণকাল হাই স্কুল যা হাই স্কুলে পিছিয়ে পড়া বা ঝরে পড়া শিক্ষার্থীদের আবার সম্পৃক্ত করার জন্য পরিকল্পিত হয়েছে।

ট্রান্সফার স্কুলের আবশ্যিক উপাদানগুলোর মধ্যে রয়েছে:

- চাহিদানির্ভর শিক্ষণ পরিবেশ
- কঠোর প্রাতিকষ্ঠানিক মানদণ্ড
- শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষা
- নির্দেশনা ও উন্নয়নের লক্ষ্য পূরণে সহায়তা
- কলেজ সম্পৃক্ততার প্রতি অভিনিবেশ
- শিক্ষার্থীরা নিয়মিত হাই স্কুল ডিপ্লোমাসহ গ্র্যাজুয়েট হয়

হাই স্কুলে কমপক্ষে এক বছর হল ভর্তি রয়েছে এবং পরিবর্তনে আগ্রহী এমন শিক্ষার্থীরা ট্রান্সফার স্কুলের জন্য আবেদনের উপযুক্ত। প্রতিটি ট্রান্সফার স্কুল ভর্তির যোগ্যতা আলাদাভাবে নির্ধারণ করে।

### ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার (YABCs)

ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টারগুলো সান্ধ্য প্রাতিষ্ঠানিক কর্মসূচি। এগুলো তৈরি হয়েছে সেসব শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য যারা হয়ত পিছিয়ে পড়ার কারণে অথবা প্রাপ্তবয়স্কসুলভ দায়িত্বের কারণে দিনে স্কুল করা কঠিন হওয়ায় লেখাপড়া ছেড়ে দিতে চাইছে। শিক্ষার্থীরা YABC-তে ক্লাস করে সব প্রয়োজনীয় ক্রেডিট অর্জন এবং সব আবশ্যিক পরীক্ষায় পাস করার পর তাদের মূল স্কুল থেকে ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট হয়। YABC-তে নিবন্ধিত শিক্ষার্থীরা সব দায়বদ্ধতার পদক্ষেপের জন্য তাদেরকে প্রেরণকারী স্কুলের সাথে যুক্ত থাকে। YABC কর্মসূচি উপস্থিতির উপর তীক্ষ্ণ নজরদারি করে এবং রেকর্ড রাখে।

যোগ্যতা অর্জনে শিক্ষার্থীকে:

- নিউ ইয়র্ক সিটির একটি হাই স্কুলে ভর্তি থাকতে হবে
- যে স্কুলবছরে সে ১৭ বছর বয়সী হচ্ছে সেই বছরটি শেষ করেছে
- হাই স্কুল গ্র্যাজুয়েশনের পথে কমপক্ষে ১৭ ক্রেডিট অর্জন করেছে
- হাই স্কুলে কমপক্ষে তার পঞ্চম বছরে আছে

### GED প্লাস

GED প্লাস একটি সিটিওয়াইড কর্মসূচি যা নিউ ইয়র্ক সিটির ১৮ থেকে ২১ বছর বয়সী শিক্ষার্থীদের বিনা খরচে পূর্ণকাল ও খণ্ডকাল GED পরিষেবা জোগানর পাশাপাশি কলেজ এবং/অথবা পেমায় উত্তরণের সহায়তা দেয়। যেসব শিক্ষার্থীর বয়স ১৭ বছর তারা ব্যাখ্যাযোগ্য কারণ এবং পিতামাতা/অভিভাবকের অনুমতি সাপেক্ষে পূর্ণকালের জন্য ভর্তি হতে পারে।

### অ্যাকসেস GED

অ্যাকসেস GED লার্নিং টু ওয়ার্কসহ (LTW) পূর্ণকাল GED প্রস্তুতি দেয়, যা শিক্ষার্থীদের কর্মপ্রস্তুতির মাধ্যমে স্কুলে থাকতে বা আবার সেম্পৃক্ত হতে সাহায্য করে। বয়সের শর্ত GED প্লাসের অনুরূপ।

GED শিক্ষার্থীরা GED পরীক্ষা পাস করে গ্র্যাজুয়েট হয়। GED পরীক্ষায় পাঁচটি বিষয় থাকে: সোশাল স্টাডিজ, সায়েন্স, ম্যাথম্যাটিক্স, ল্যাঙ্গুয়েজ আর্টস রিডিং, এবং ল্যাঙ্গুয়েজ আর্টস রাইটিং। এগুলো যে করতে ৭ ঘন্টারও বেশি সময় লাগে এবং এতে একটি রচনা লিখতে হয়। GED পরীক্ষা ইংরেজি, স্পানিশ ও ফ্রেঞ্চ ভাষায় নেয়া হয়।

# ২ অধ্যায়: তোমার সুযোগসুবিধা সম্পর্কে আরও জান

## লার্নিং টু ওয়ার্ক (LTW) কর্মসূচি

তুমি যদি একটি YABC, ট্রান্সফার স্কুল বা GED কর্মসূচিতে ভর্তি হও, তাহলে তুমি লার্নিং টু ওয়ার্কে (LTW) ভর্তি হতে আগ্রহী হতে পার। LTW একটি ব্যাপক পেশা-প্রস্তুতি ও পেশা অনুসন্ধান কর্মসূচি যা নির্বাচিত কিছু বিকল্প হাই স্কুলের প্রাতিষ্ঠানিক কর্মসূচিকে উন্নত করার উদ্দেশ্যে পরিকল্পিত হয়েছে। ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) এর কর্মচারী এবং কর্মসূচি সাইটে উপস্থিত কোন কম্যুনিটি-বেজড অর্গানাইজেশন (CBO) এর কর্মচারী দ্বারা পরিচালিত হয়। LTW এর লক্ষ্য হাই স্কুল বা জিইডি ডিপ্লোমা লাভে যেসব বিষয় বাধার কারণ হচ্ছে সেগুলো দূর করায় শিক্ষার্থীদের সহায়তা করার পাশাপাশি গ্র্যাজুয়েশনের পর তাদের জন্য লাভজনক চাকরি ও শিক্ষা অভিজ্ঞতার সুযোগ সৃষ্টি করা।

LTW কর্মসূচি শিক্ষার্থীদেরকে হাই স্কুল বা GED ডিপ্লোমা অর্জনের পাশাপাশি মাধ্যমিক-উত্তর ট্রেনিং, কলেজ বা পেশা বেছে নেয়ার জন্য সমর্থ করে। সব ভর্তি শিক্ষার্থীর জন্য সাইটে বিভিন্ন ধরনের পরিষেবা রয়েছে। এসব পরিষেবার মধ্যে রয়েছে, তবে এতেই সীমাবদ্ধ নয়: পেশা অনুসন্ধান/উন্নয়ন, ব্যক্তিক ও দলগত কাউন্সেলিং, প্রাতিষ্ঠানিক সহায়তা, ভর্তুকিপ্রাপ্ত ইন্টার্নশিপ প্লেসমেন্ট এবং কলেজ প্রস্তুতি ও কাউন্সেলিং।

LTW এর একটি প্রধান দিক প্রাইমারি পার্সন মডেল, যেখানে প্রত্যেক শিক্ষার্থীকে জুটি করে দেয়া হয় একজন অ্যাডভাইজরের সাথে যিনি লক্ষ্য নির্ধারণ, অগ্রগতি মূল্যায়ন এবং বিশেষ পরিষেবা লাভে সহায়তা করেন। শিক্ষার্থীরা কর্মসূচিতে প্রবেশ করার পরপরই একজন অ্যাডভাইজরের সাথে কাজ শুরু করে এবং সব কর্মসূচি পর্ব ও গ্র্যাজুয়েশনের পরও তা বজায় রাখে।

ইউথ ডেভেলপমেন্টর দর্শন LTW মডেলের সব বিষয়কে পরিব্যপ্ত করে। ইউথ ডেভেলপমেন্ট একটি প্রক্রিয়া যা যুবা বয়সীদের কাছে একটি মামুলি শৃঙ্খলামূলক সমাধান উপস্থাপনের পরিবর্তে তাদের সামর্থ্যের উপর গুরুত্বারোপ করে। এই দৃষ্টিভঙ্গি যুব সমাজকে বিকশিত হওয়ার, নিজেদের দক্ষতাগুলোকে উন্নত করার এবং সুস্থ, দায়িত্ববান ও যত্নশীল যুব ও প্রাপ্তবয়স্ক হিশেবে বেড়ে ওঠার সুযোগ দেয়।

LTW আরও হাই স্কুল ও কর্মসূচির সুযোগসুবিধা থেকে আলাদা কোন কর্মসূচি নয়; বরং এটি প্রত্যেক অংশগ্রহণকারী সাইটের প্রাতিষ্ঠানিক কর্মসূচির অবিচ্ছেদ্য অংশ।

# ৩ অধ্যায়: কীভাবে তুমি তোমার আরও স্কুল/কর্মসূচি সুবিধার সুযোগ নেবে

তোমার যদি প্রশ্ন থাকে অথবা এমন কারও সাথে কথা বলতে চাও যিনি তোমার বিকল্প উপায়গুলোর ব্যাপারে সিদ্ধান্ত নিতে এবং একটি নতুন স্কুল/কর্মসূচিতে ভর্তি হতে সহায়তা করতে পারেন, তাহলে তুমি তোমার বর্তমান স্কুলের গাইডেন্স কাউন্সেলরে সাতে কথা বলতে অথবা আরও তথ্যের জন্য সরাসরি একটি স্কুল বা কর্মসূচির সাথে যোগাযোগ করতে পার। তুমি একটি রেফারাল সেন্টার ফর হাই স্কুল অল্টারনেটিভস বা বরো এনরোলমেন্ট অফিসেও যেতে পার, যেখানে একজন অভিজ্ঞ NYC সরকারি স্কুল কাউন্সেলর বা সোশাল ওয়ার্কার বাড়তি সহায়তা দিতে পারবেন। রেফারাল সেন্টার এবং বরো এনরোলমেন্ট অফিসগুলোর কর্মচারীরা তোমাকে আবার স্কুলে ভর্তি হওয়ার ব্যাপারে সাহায্য করার জন্য তৈরি আছেন।

তোমার স্কুল/কর্মসূচি আগ্রহের ভিত্তিতে তোমার পরবর্তী পদক্ষেপ ভিন্ন হতে পারে:

| স্কুল/কর্মসূচি সুবিধা | পরবর্তী ধাপ |
|---|---|
| **NYC হাই স্কুল অ্যাডমিশন্স** | হাই স্কুলের জন্র রেজিস্টার করতে কোন বরো এনরোলমেন্ট অফিসে যাও। |
| **ট্রান্সফার হাই স্কুল** | • ইনটেক ইন্টারভিউর জন্য সরাসরি একটি ট্রান্সফার স্কুলে যোগাযোগ করা<br>• তোমার বর্তমান স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলা<br>• তোমার জন্য সঠিক বিকল্পটি নির্বাচনে লহায়তা পাওয়া এবং/অথবা একটি ট্রান্সফার হাই স্কুল নির্বাচনের জন্য রেফারাল সেন্টারে যাওয়া |
| **YABC** | তুমি যদি একটি YABC-তে ভর্তি হতে চাও, তাহলে তোমার বর্তমান হাই স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে যোগাযোগ করে নিচের কাগজগুলো সংগ্রহ কর:<br>• YABC গাইডেন্স রেফারাল ফরম Y-1<br>• YABC কোর্স রিকোয়্যারমেন্ট ফরম Y-2<br>• তোমার ট্রান্সক্রিপ্টের কপি<br>• তোমার ইম্যুনাইজেশন রেকর্ড<br>প্রথম দুটি ডক্যুমেন্ট গাইডেন্স কাউন্সেলকে দিয়ে পূরণ করিয়ে সব সম্পন্নকৃত নথিসহ সরাসরি চলে যাও তোমার পছন্দের YABC-তে। এই পুস্তিকার YABC পৃষ্ঠা দেখে তোমার পছন্দেরটির নির্ধারিত সময়সূচি দেখে নেবে।<br>যেসব যোগ্য শিক্ষার্থী বর্তমানে কোন হাই স্কুলে ভর্তি নেই, তাদেরকে একটি হাই স্কুলে ভর্তি হওয়ার জন্য আগে বরো এনরোলমেন্ট অফিসে যেতে হবে। প্রশ্ন, উদ্বেগ, বা অ্যাপয়েন্টমেন্ট করার জন্য অনুগ্রহ করে YABC সাইটের AP সুপারভাইজরের সাথে কথা বল। YABC AP সুপারভাইজরদের সাধারণত দুপর ১:০০–৯:০০ ফোনে পাওয়া যায়।<br>তুমি একটি রেফারাল সেন্টারেও যেতে পার তোমার জন্য সঠিক বিকল্প এবং/অথবা একটি YABC নির্বাচনে সহায়তা পাওয়ার জন্য। |
| **GED** | • ইনটেক ইন্টারভিউর জন্য সরসারি GED কর্মসূচির সাথে যোগাযোগ করা<br>• তোমার বর্তমান স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলা<br>• একটি রেফারাল সেন্টারে যাওয় তোমার জন্য সঠিক বিকল্প এবং/অথবা একটি GED নির্বাচনে সহায়তা পাওয়ার জন্য। |

# ৩ অধ্যায়: কীভাবে তুমি তোমার আরও স্কুল/কর্মসূচি সুবিধার সুযোগ নেবে

## রেফারাল সেন্টার ফর হাই স্কুল অল্টারনেটিভস

রেফারাল সেন্টারগুলো শিক্ষার্থীদের জিইডি কর্মসূচিতে ভর্তি হতে সহায়তা করে, হাই স্কুলের বিকল্প পথ সম্পর্কে পরামর্শ দেয় এবং NYC পাবলিক স্কুল শিক্ষার্থীদের লেখাপড়া অব্যাহত রাখায় সহায়তা করতে তাদেরকে সংশ্লিষ্ট পরিষেবাগুলোর সাথে যোগাযোগ ঘটিয়ে দেয়। তোমার বয়স যদি ২১ বছরের কম হয়ে থাকে, যদি তুমি নিউ ইয়র্ক সিটির অধিবাসী হয়ে থাক এবং হাই স্কুল ডিপ্লোমা অর্জন করে না থাক, কিন্তু তোমার লেখাপড়া অব্যাহত রাখতে চাও এবং আবার স্কুলে যুক্ত হওয়ার জন্য সাহায্যের দরকার হয়, তাহলে তোমাকে একটি রেফারাল সেন্টারে যেতে হবে। রেফারাল সেন্টারে শিক্ষার্থীরা নিচের বিষয়গুলোয় সহায়তা পেতে পারে:

- স্কুলে উপস্থিত হওয়ায় বাধা সৃষ্টি করছে প্রতিবন্ধকতা অতিক্রম করা
- হাই স্কুল ট্রান্সক্রিপ্ট বোঝা
- হাই স্কুল ও GED ডিপ্লোমা কর্মসূচির মধ্যে একটি বেছে নেয়া
- হাই স্কুল ডিপ্লোমার সব পথ অনুসন্ধান করা অথবা GED কর্মসূচিতে ভর্তি হতে সহায়তা করা
- শিশুপরিচর্যা, সমাজকর্ম, মাদকাসক্তি চিকিৎসা এবং আবাসনের জন্য রেফারাল
- কলেজে প্রবেশের জন্য কী প্রয়োজন নির্ধারণ করা
- বৃত্তিমূলক ও পেশাগত সুযোগসুবিধা সম্পর্কে জানা

রেফারাল সেন্টারে আসার সময়ে তুমি তোমার ট্রান্সক্রিপ্ট সাথে আনবে। তুমি যদি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) যুক্ত শিক্ষার্থী হয়ে থাক, তাহলে তোমাকে সেটাও আনতে হবে। তোমার কাছে যদি এগুলো না থাকে, রেফারাল সেন্টারের কর্মচারীরা তোমাকে এ-ব্যাপারে সাহায্য করতে পারবেন।

শিক্ষার্থীরা পিতামাতা/অভিভাবক ছাড়াই রেফারাল সেন্টারে যেতে পারে। তুমি যদি ১৭ বছর বা কম বয়সী হয়ে থাক, এবং রেফারাল সেন্টারে যাওয়ার পর নতুন একটি স্কুল বা কর্মসূচিতে ভর্তি হতে আগ্রহী হও, তাহলে তুমি কোন ধরনের স্কুল বা কর্মসূচি পছন্দ করেছ তার ভিত্তিতে তোমাকে তোমার পিতামাতা/অভিভাবকের সম্মতি এবং/অথবা অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

## বরো এনরোলমেন্ট অফিস

বরো এনরোলমেন্ট অফিসগুলো সাধঅরণ ও বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত সব বিষয় তদারকি করে যার মধ্যে রয়েছে:

- প্রামাণিক স্কুল বদলির অনুরোধ
- ভর্তি প্রক্রিয়ায় সহায়তা
- ট্রান্সফার স্কুল ও অল্টারনেটিভ প্রোগ্রামগুলোর জন্য রেফারাল

বরো এনরালমেন্ট অফসে যাওয়ার সময়ে মনে করে নিচের জিনিসগুলো সাথে নেবে:

- ✓ সর্বশেষ রিপোর্ট কার্ড অথবা ট্রান্সক্রিপ্ট (যদি থাকে)
- ✓ ইনডিভিজুয়ালাইডজ এডুকেশন প্রোগ্রাম (IEP)
  - o এবং/অথবা ৫০৪ সংস্থান পরিকল্পনা (যদি প্রযোজ্য হয় এবং থাকে)
- ✓ বার্থ সার্টিফিকেট বা পাসপোর্ট
- ✓ ইম্যুনাইজেশন রেকর্ড
- ✓ বসবাসের প্রমাণ

**তুমি যদি ২১ বছর বা বেশি বয়সী হও, তুমি অফিস অব অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশনের (OACE) মাধ্যমে ফ্রি শিক্ষা সুবিধা পেতে পার। বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে দেখ:** http://adultednyc.org

**রেফারাল সেন্টার ও বরো এনরোলমেন্ট অফিসের ঠিকানার জন্য অনুগ্রহ করে নির্দেশিকার প্রতিটি বরো অংশে তাদের পৃষ্ঠা দেখ।**

# ৪ অধ্যায়: সজ্ঞাত সিদ্ধান্ত নাও

তোমার নিজস্ব চাহিদা ও আগ্রহ বিবেচনার পর, তুমি একটি ট্রান্সফার স্কুল ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার (YABC) অথবা GED কর্মসূচি অনুসন্ধান শুরু করবে। বিশেষ কোন স্কুল/কর্মসূচি তোমার জন্য মানানসই কিনা নির্ধারণে নিচের গুরুত্বপূর্ণ বিষয়গুলো তোমাকে সহায়তা করবে।

## স্কুলের ঠিকানা

আরও হাই স্কুল ও কর্মসূচি নির্দেশিকায় প্রদত্ত প্রত্যেক বরোর ম্যাপ একটি সহায়ক উপকরণ। ম্যাপগুলো প্রত্যেক বরোর শুরুর অংশে রয়েছে। প্রত্যেক বরোর জন্য আলাদা রঙ ব্যবহার করা হয়েছে যার ফলে সহজে একটি বরোর ম্যাপ ও স্কুল/কর্মসূচি চেনা যায়।

এসব ম্যাপ সাধারণত দুটির যেকোন এক উপায়ে ব্যবহৃত হয়: ম্যাপে অনুসন্ধান করে তুমি দেখতে পার নির্দিষ্ট একটি স্কুল/কর্মসূচি কোথায় অবস্থিত। অথবা তুমি একটি স্থান বেছে নিতে পার (যেমন তোমার বাড়ি) এবং তারপর দেখতে পার কোন কোন স্কুল/কর্মসূচি কাছাকাছি অবস্থিত। তোমার স্কুল যেতে কত সময় লাগবে এটা বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

তোমার বাড়ি থেকে স্কুল/কর্মসূচিতে সাবওয়ে বা বাসে যাওয়ার সেরা রুট কোনটি জানার জন্য হপস্টপ একটি উপযোগী উপকরণ। হপস্টপ সেরা রুট এবং দিনের বিভিন্ন সময়ে যাতায়াতে কত সময় লাগবে শনাক্ত করতে তোমার বাড়ির ঠিকানার পাশাপাশি স্কুল/কর্মসূচির ঠিকানা এতে লেখার সুযোগ দেয়। তোমার বাড়ি থেকে একটি স্কুল/কর্মসূচিতে যেতে কত সময় লাগবে সেটা জানা তোমার রিসার্চের একটি গুরুত্বপূর্ণ অংশ।

**হপস্টপ**
**তোমার বাড়ি থেকে একটি স্কুল/কর্মসূচিতে সাবওয়ে বা বাসে যাওয়ার সেরা রুট জেনে নাও।**
www.hopstop.com

## স্পেশাল এডুকেশন সার্ভিসেস

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এর একটি প্রধান লক্ষ্য সব শিক্ষার্থীর জন্য, যাদের মধ্যে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরাও আছে, উঁচু কার্যসম্পাদনার মান নিশ্চিত করা। এই লক্ষ্যে ২০১০ সালের জুলাইয়ে ডিভিশন অব স্টুডেন্টস উইথ ডিঅ্যাবলিটিস অ্যান্ড ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স প্রতিষ্ঠা বিশেষ শিক্ষা পরিষেবার একটি সংস্কারসাধন করেছে যা শিক্ষার্থীদেরকে তাদের দীর্ঘমেয়াদি প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় সহায়তাদানে বর্ধিত সুযোগসুবিধা জোগাবে। এই পরিকল্পনা অনুসারে হাই স্কুল ও কর্মসূচিগুলো প্রতিবন্ধী শিক্ষার্থীদের সাধারণ শিক্ষার ক্লাসে সর্বোচ্চ-সম্ভব বিশেষ শিক্ষা সহায়তা ও পরিষেবা দিয়ে থাকে যাতে তারা তাদের অ-প্রতিবন্ধী সহপাঠীদের পাশাপাশি শিক্ষালাভ করতে পারে। হাই স্কুলের পরিবেশে শিক্ষার্থীদের চাহিদা আরও ভালভাবে পূর্ণ করার উদ্দেশ্যে এসব সহায়তা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশগ্রহণের সুযোগ দেয়। এসব নির্দেশন মডেলের মধ্যে রয়েছে:

- বিশেষ শিক্ষা পরিষেবাসহ সাধারণ শিক্ষার ক্লাস: রিলেটেড সার্ভিসেস ও স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS)
- ইনটিগ্রেটেড কো-টিচিং (ICT)
- স্পেশাল ক্লাস পরিষেবা

**এগুলো এবং অন্যান্য পরিষেবা সম্পর্কে আরও জানতে** www.nyc.gov/schools/Academics/SpecialEducation/EducatorResources **ঠিকানায় দি কন্টিনাম অব সার্ভিসেস ফর স্টুডেন্ট উইথ ডিসঅ্যাবিলিটিস দেখুন।**

*এসব নির্দেশন মডেলের সবগুলোই নমনীয় এবং শিক্ষার্থীর ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এ পূর্ণকাল বা খণ্ডকাল ভিত্তিতে সমন্বিত করা যায়।*

ব্যক্তিগত চাহিদার নিরিখে শিক্ষার্থীদের প্রায়শ বিভিন্ন স্তরের সহায়তা আবশ্যক হয়। প্রতিবন্ধিতা যুক্ত শিক্ষার্থীরা তাদের হাই স্কুল বা কর্মসূচিতে অগ্রগতি অর্জনে সহায়তালাভে উপর্যুক্ত পরিষেবাগুলোর কয়েকটি একসাথে পেতে পারে।

(ক্রমশ)

## স্পেশাল এডুকেশন সার্ভিসেস (আগের পৃষ্ঠার পর)

অনুগ্রহ করে মনে রাখবে যে ভর্তির পর, স্কুল/কর্মসূচিগুলো একটি ব্যক্তিক চাহিদানির্ভর কর্মসূচি প্রণয়নের জন্য পিতামাতাদের সাথে কাজ করবে। স্কুল/কর্মসূচি শিক্ষার্থীর জন্য কী ধরনের উপযুক্ত সহায়তা দিতে সমর্থ তা এতে প্রতিফলিত হবে। এভাবে বর্তমানে ভর্তি প্রতিবন্ধী শিক্ষার্থীদের চাহিদানুসারে পরিষেবা প্রণয়ন করা হয় এবং সেকারণে বছরভেদে আলাদা হতে পারে। প্রতিবন্ধী শিক্ষার্থীরা এই নির্দেশিকায় উল্লিখিত সকল স্কুলে আবেদন করতে পারে। কোন কর্মসূচিতে শিক্ষার্থীকে গ্রহণ করার পর স্কুলের IEP টিম শিক্ষার্থীর চাহিদাপূরণে যথাযথ IEP প্রণয়ন করা হয়েছে এটি নিশ্চিত করার জন্য ৩০ দিনের মধ্যে বৈঠক আহ্বান করবে।

### স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ)

সাধারণ শিক্ষার ক্লাসে প্রতিবন্ধী শিক্ষার্থীর অংশগ্রহণকে সহায়তা করার জন্য স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS) বিশেষভাবে পরিকল্পিত হয়েছে এবং/অথবা একজন বিশেষ শিক্ষার শিক্ষক দ্বারা সম্পূরক শিক্ষানির্দেশনা দেয়া হয়। বিশেষ শিক্ষার শিক্ষক শিক্ষার্থীকে সরাসরি বিশেষভাবে প্রণীত এবং/অথবা শিক্ষানির্দেশনা দিতে পারেন অথবা শিক্ষার পরিবেশ অভিযোজনায় পরোক্ষভাবে শিক্ষার্থীর সাধারণ শিক্ষার শিক্ষকের সাথে কাজ করতে পারেন এবং/অথবা শিক্ষার্থীর ব্যক্তিক চাহিদা পূরণের লক্ষ্যে শিক্ষানির্দেশনার প্রযুক্তি ও প্রণালিতে পরিবর্তন ও সংস্কারসাধন করতে পারেন।

### ইনটিগ্রেটেড কো-টিচিং (আইসিটি)

ইনটিগ্রেটেড কো-টিচিং (আইসিটি) ব্যবস্থায় প্রতিবন্ধী ও প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীরা দুজন শিক্ষকের কাছে একসাথে শিক্ষালাভ করে; একজন সাধারণ শিক্ষার শিক্ষক এবং একজন বিশেষ শিক্ষার শিক্ষক। শিক্ষার্থীদের জন্য শিক্ষানির্দেশনাকে মানানসই ও পরিবর্তন করা এবং সমগ্র ক্লাস যাতে সাধারণ শিক্ষার পাঠ্যসূচিতে অংশগ্রহণ করতে পারে এবং শিক্ষার্থীদের বিশেষ শিক্ষার চাহিদা মেটানো হয় তা নিশ্চিত করার জন্য শিক্ষকরা একসাথে কাজ করে থাকেন। দলগত সহযোগিতামূলক শিক্ষা পূর্ণকাল বা খণ্ডকাল সময়ের জন্য দেয়া যেতে পারে, অথবা তা একটি নির্দিষ্ট বিষয়ের উপর ভিত্তি করেও হতে পারে।

### স্পেশাল ক্লাস সার্ভিসেস

স্পেশাল ক্লাস সার্ভিসেস বা বিশেষ ক্লাস পরিষেবায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্ব-নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষে পরিষেবা দেয়া হয়। তারা সেইসব প্রতিবন্ধী শিক্ষার্থীকে সহায়তা দেন যাদের প্রয়োজন সাধারণ শিক্ষার ক্লাসে, এমনকি সম্পূরক সহায়তা ও পরিষেবা দিয়েও, মেটান সম্ভব নয়। স্ব-নিয়ন্ত্রিত ক্লাসসমূহ একই ধরনের অক্ষমতা অথবা ভিনড়ব ভিনড়ব ধরনের অক্ষমতাবিশিষ্ট শিক্ষার্থীদের নিয়ে গঠিত হতে পারে যদি তাদের বিদ্যায়তনিক ও শিক্ষণ বৈশিষ্ট্য, সামাজিক এবং শারীরিক বৃদ্ধি এবং ব্যবস্থাপনার চাহিদা সমান হয়। বিশেষ ক্লাস পরিষেবা পূর্ণকাল বা খণ্ডকাল ভিত্তিতে বা আলাদা আলাদা বিষয়ে দেয়া যেতে পারে।

## ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের (ইএলএল) হাই স্কুলে সাফল্য অর্জনে প্রয়োজনীয় ভাষাভিত্তিক পরিষেবা লাভ নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অব এডুকেশন এক বিস্তৃত কর্মসূচি ও সহায়তা প্রদান করে। প্রত্যেক স্কুলের নির্দেশিকা পাতায় লভ্য ইএলএল পরিষেবার তালিকা রয়েছে। কর্মসূচির মডেলগুলো নিম্নরূপ:

### বাইলিঙ্গুয়াল

ট্রানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন (টিবিই) কর্মসূচিগুলো শিক্ষার্থীর মাতৃভাষা এবং ইংরেজিতে ভাষা শৈলী এবং বিষয়গত শিক্ষানির্দেশন দিয়ে থাকে। কর্মসূচিটি পাশাপাশি ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (ইএসএল) বিষয়েও ব্যাপক নির্দেশনের ব্যবস্থা করে। শিক্ষার্থীর ইংরেজিতে দক্ষতা যত বাড়ে ততই ইংরেজিতে নির্দেশনা বৃদ্ধি পায় এবং মাতৃভাষায় নির্দেশনা কমতে থাকে।

### ডুয়াল ল্যাঙ্গুয়েজ

ডুয়াল ল্যাঙ্গুয়েজ কর্মসূচিগুলো যেসব ইএলএল শিক্ষার্থীদর দ্বিতীয় একটি ভাষা শেখায় আগ্রহ রয়েছে তাদেরকে মাতৃভাষার পাশাপাশি ইংরেজিতে নির্দেশন দেয়। কর্মসূচিগুলো স্কুলে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের মাতভাষা ও ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধি করার পাশাপাশি ইংরেজিভাষী শিক্ষার্থীদের দ্বিভাষী করে তোলে। । উভয় পক্ষই একে-অপরের জন্য একটি উন্নত ভাষা বিষয়ক রোল মডেল হিশেবে কাজ করে। এতে করে, পারস্পরিক ভাববিনিময়ের মধ্য দিয়ে শিক্ষার্থীরা উভয় ভাষায় নিজেদের ভাষাগত দক্ষতা বৃদ্ধিতে সহায়তা পায়। শিক্ষার্থীরা অর্ধেক শিক্ষানির্দেশন ইংরেজিতে এবং বাকি অর্ধেক উদ্দিষ্ট ভাষায় লাভ করে।

## ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (আগের পৃষ্ঠার পর)

### ইএসএল

ফ্রি স্ট্যান্ডিং ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (ইএসএল) কর্মসূচি নির্দিষ্ট নির্দেশন কৌশল ব্যবহারের মাধ্যমে ইংরেজিতে ভাষা শৈলী এবং বিষয়বস্তুর

ক্লাসরুম ইনস্ট্রাকশন ইংরেজি ভাষায় প্রদান করে। চটজলদি বিষয় অনুধাবনে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য মাতৃভাষায় সহায়তা দেয়া হয়। মাতৃভাষায় সহপাঠীদের সাথে পাঠ্য বিষয়বস্তু আলোচনা করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া হয়, তারা কী বুঝেছে এর ব্যাখ্যা মাতৃভাষায় লিখতে বলা হয় এবং শেণিকক্ষে মাতৃভাষায় লেখা পাঠ্যবই, লাইব্রেরি, ডিকশনারি, রেফারেন্স সামগ্রী ও প্রযুক্তিগত সহায়তা লাভের ব্যবস্থা করার মাধ্যমে মাতৃভাষায় সহায়তার পৃষ্ঠপোষকতা করা হয়।

চিলড্রেন ফার্স্ট সংস্কার প্রচেষ্টায় তিনটি কর্মসূচি মডেলকেই শক্তিশালী করার দিকে মনোনিবেশ করা হয়েছে যাতে সেগুলো প্রাতিষ্ঠানিকভাবে চ্যালেঞ্জিং এবং সব হাই স্কুলে সমানভাবে প্রদান করা যায়। অনেক হাই স্কুল ইএলএল কর্মসূচিগুলো ছাড়াও সুনির্দিষ্ট ধরনের ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের জন্র বিশেষভাবে প্রণীত পরিষেবা দিয়ে থাকে। এসব শিক্ষার্থীর মধ্যে রয়েছে নবাগত, অপর্যাপ্ত ক্রেডিট সঞ্চয় করেছে এমন শিক্ষার্থী, এবং স্টুডেন্টস উইথ ইনটারপটেড ফরম্যাল এডুকেশন (SIFE)। নিউ ইয়র্ক স্টেটের সংজ্ঞা অনুযায়ী সেইসব শিক্ষার্থী এসআইএফই যারা দ্বিতীয় গ্রেডের পর যুক্তরাষ্ট্রের স্কুলে ভর্তি হয়েছে এবং পাঠ ও গণিতে গ্রেডস্তর থেকে দুবছর নিচে প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনা করছে; এবং হয়ত নিজেদের মাতৃভাষায় পূর্বজ্ঞানসম্পন্ন। এসআইএফই-এর উপযুক্ততা ও কর্মসূচি সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে 212-374-6072 নম্বরে ইএলএল অফিসে যোগাযোগ করুন।

**ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (ইএলএল) পরিষেবা সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে দেখুন**
www.nyc.gov/schools/Academics/ELL

## সাইটে অভিগম্যতা

সরকারি হাই স্কুলের কর্মসূচিগুলোকে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অভিগম্য করে তোলা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি। বর্তমানে কোন অভিগম্য স্থানে অনুষ্ঠিত হোক বা না হোক, সীমিত চলাচলক্ষম এবং দৃষ্টি ও শ্রবণ প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীর উচিত তাদের পছন্দের কর্মসূচির জন্য আবেদন করা। প্রতিটি হাই স্কুলের নির্দেশিকার পাতায় একটি করে "অভিগম্যতা" অংশ রয়েছে যেখানে তিনটির যেকোন একটি অবস্থার উল্লেখ থাকে:

**কার্যকরভাবে অভিগম্য** অর্থ হুইলচেয়ার ব্যবহারকারী শিক্ষার্থীরা কোনরকম সমস্যা ছাড়াই ভবনে প্রবেশ করতে এবং প্রাসঙ্গিক কর্মসূচি ও পরিষেবায় অংশগ্রহণ করতে পারে।

**আংশিকভাবে অভিগম্য** অর্থ স্কুল প্রথমতলার পরেও কার্যকরভাবে অভিগম্য, তবে সকল প্রাসঙ্গিক কর্মসূচি ও পরিষেবার জন্য নয়।

**অভিগম্য নয়** অর্থ স্কুলটি অভিগম্যতার উপরের দুটি বর্ণনার কোনটিতে পড়ে না।

ফেডারেল আইন অনুসারে সকল কর্মসূচিকে সামগ্রিকভাবে পর্যালোচনার সময়ে অভিগম্য হতে হয়। এই নীতিমাল সংক্রান্ত বিবৃতিতে "কর্মসূচি"বলতে কর্মসূচি, কার্যক্রম ও পরিষেবা বোঝানো হয়েছে। এই নীতিমাল সংক্রান্ত বিবৃতি প্রয়োগযোগ্য আইনের একটি সাধারণ সংক্ষিপ্তসার এব বাড়তি কোন আইনগত অধিকার বা দায় সৃষ্টি করে না। সুনির্দিষ্ট তথ্যের জন্য আমেরিকান্স উইথ ডিসঅ্যাবিলিটিজ অ্যাক্টের টাইটেল ২ এবং ১৯৭৩ সালের রিহ্যাবিলেটেশন অ্যাক্টের ৫০৪ সেকশন দেখুন।

**নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোয় কী ধরনের অভিগম্যতা আছে সে-ব্যাপারে আরও তথ্যের জন্য**
www.nyc.gov/schools/Academics/SpecialEducation/ParentResources
**ঠিকানায় অভিগম্য স্কুলের তালিকা দেখুন।**

## এলওয়াইএফই: শিক্ষার্থী পিতামাতাদের জন্য পরিষেবা

**লিভিং ফর দি ইয়াং ফ্যামিলি থ্রু এডুকেশন (LYFE) শিক্ষার্থী পিতামাতাদের গ্র্যাজুয়েশন সম্পন্ন করতে সহায়তা করার জন্য বিনামূল্যে শিশুপরিচর্যা ও সহায়তা পরিষেবা দিয়ে থাকে। প্রত্যেক বরো অংশের শেষে সেই বরোর LYFE কর্মসূচির তালিকা দেয়া হয়েছে।**

LYFE কর্মসূচি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ডিস্ট্রিক্ট ৭৯-এর অংশ। এটি প্রত্যেক বরোতে নানা দরনের উদ্ভাবনী শিক্ষামূলক সুযোগ ও সর্বাত্মক সহায়তা দেয়ার মাধ্যমে শিক্ষার্থীদের সাফল্যলাভে সহায়তা করে। আরও তথ্যের জন্য www.nyc.gov/schools ওয়েবসাইটে গিয়ে সার্চ বারে "িডিস্ট্রিক্ট ৭৯" টাইপ করুন অথবা রেফারাল সেন্টার ফর হাই স্কুল অল্টারনেটিভস-এ যান।

গবেষণায় দেখা গেছে শিক্ষঅর্থী পিতামাতারা যখন স্কুলে থাকার সিদ্ধান্ত নেয় তখন এর ফল তাদের নিজেদের এবং তাদের সন্তানদের জন্য ভাল হয়। তুমি যদি একজন শিক্ষার্থী ও পিতামাতা হয়ে থাক, তাহলে আমরা স্কুলে থাকতে তোমাকে সাহায্য করতে পারব।

**তুমি যদি গর্ভবতী হও বা তোমার সন্তান তাকে, তোমার অধিকার আছে স্কুলে থাকার।**
যে স্কুলবছরে তোমার বয়স ১৭ বছর হচ্ছে তার শেষ স্কুলে থাকতে অবধি তুমি আইনগতভাবে বাধ্য।
আমরা চাই তুমি তোমার শিক্ষা অব্যাহত রাখ। যাদের কাছ থেকে সাহায্য পাবে:

- তোমার স্কুলের কর্মকর্তা - গাইডেন্স কাউন্সেলর, সোশাল ওয়ার্কার, শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল অথবা প্রিন্সিপ্যাল
- ৩৮টি LYFE কর্মসূচি সাইট
- পাঁচটি রেফারাল সেন্টার ফর হাই স্কুল অল্টারনেটিভস

**LYFE কর্মসূচি শিক্ষার্থীদেরকে সন্তান লালনপালনে সহায়তা করার পাশাপাশি গ্র্যাজুয়েশন সম্পন্ন করতে সাহায্য করে।** প্রত্যেক LYFE চাইল্ডকেয়ার সাইটে সার্টিফায়েড শিক্ষক ও পরিচর্যাকারীরা শিশু ও একটু বড় ছেলেমেয়েদের নিরাপদ, যত্নশীল ও অর্থপূর্ণ শিক্ষণ অভিজ্ঞতা দিয়ে থাকে - এবং পিতামাতাদেরকে বাড়িতেও তা করার জন্য সাহায্য করে। অন-সাইট সমাজকর্মীরা শিক্ষার্থী পিতামাতাদের সহায়তা পরিষেবা দেয়, যেমন কাউন্সেলিং ও সোশাল, হেলথ ও কম্যুনিটি এজেন্সিগুলোতে রেফারাল।

তুমি তোমার ছেলেমেয়েদের LYFE-এ ভর্তি করে LYFE-এর শিশু পরিচর্যা পরিষেবার সুবিধা নিতে পার যদি তুমি বর্তমানে কোন NYC পাবলিক স্কুলে ভর্তি থাক এবং ক্লাস কর। LYFE পরিষেবা NYC ডিপার্টমেন্ট অব এডুকেশনের স্কুল বা কর্মসূচির জন্য ফ্রি। তুমি তোমার সন্তানকে তার ইম্যুনাইজেশন সম্পন্ন হওয়ার পরপরই (সর্বনিম্ন ৮ মাস বয়সে) বর্তি করতে পার। তোমার সন্তান যে স্কুলবছরে তিন বছর বয়সী হবে সেই বছরের শেষ অবধি LYFE কর্মসূচি সাইটে থাকতে পারে।

**তোমার সন্তানকে LYFE -এ ভর্তি করার জন্য তিনটি ধাপ রয়েছে:**

1. LYFE সম্পর্কে তোমার স্কুলের কর্মকর্তার সাথে কথা বল।
2. তোমার স্কুলে যাতায়াতের পথে সবচেয়ে সহজে যেতে পার এমন একটি কেন্দ্র খুঁজে বের করার জন্য এই নির্দেশিকার প্রত্যেক বরো অংশে দেখ। ওয়াক-ইন গ্রহণযোগ্য।
3. তোমার বরোর রেফারাল সেন্টারে ফোন করে বল তুমি LYFE সম্পর্কে কিছু জানতে চাইছ।

## এলওয়াইএফই: শিক্ষার্থী পিতামাতাদের জন্য পরিষেবা (আগের পৃষ্ঠার পর)

তোমার স্কুলে যদি LYFE কর্মসূচি সাইট না থাকে অথবা তুমি যেটি ব্যবহার করতে চাইছ সেটা পূর্ণ হয়ে গিয়ে থাকে, তাহলে তোমার উচিত আরেকটি কর্মসূচি সাইট নির্বাচন করা যেটিতে তুমি স্কুলে যাওয়াআসার সময়ে সহজেই যেতে পারবে। আরেকটি কর্মসূচি সাইট খুঁজে বের করার জন্য তোমার স্কুলের একজন কর্মকর্তার কাছে সায়তা চাও। তুমি www.nyc.gov/schools ওয়েবসাইটে গিয়ে সার্চ বক্সে "LYFE program directory" টাইপ করতে পার, এই পুস্তিকার LYFE কর্মসূচি নির্দেশিকা দেখতে পার অথবা তোমার বরোর রেফারাল সেন্টারে ফোন করতে পার।

তোমার সন্তানকে ভর্তি করতে তোমার নিচের কাগজপত্রগুলো প্রয়োজন হবে:

- তোমার এবং তোমার সন্তানের বার্থ সার্টিফিকেট
- তোমার সন্তানের স্বাস্থ্য পরীক্ষার ফরম
- তোমার সন্তানের ইম্যুনাইজেশন রেকর্ড

তোমার স্কুল, কর্মসূচি সাইট বা রেফারাল সেন্টারের কর্মকর্তারা তোমাকে তোমার সন্তানকে ভর্তি করতে সহায়তা বা তোমার প্রশ্নের উত্তর দিতে পারবেন। কোন কোন ক্ষেত্রে তোমার সন্তান তার কাগজপত্র প্রক্রিয়াকরণ চলাকালেই LYFE চাইল্ডকেয়ার সেন্টারে যেতে পারবে।

তোমার কোন প্রশ্ন থাকলে নিচের কারও সাথে যোগাযোগ কর:

- তোমার স্কুলের কর্মকর্তা
- একটি LYFE কর্মসূচি সাইট
- তোমার বরোর রেফারাল সেন্টার
- ডিস্ট্রিক্ট ৭৯, অফিস অব স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস

**তুমি যদি রেফারাল সেন্টারের সাথে যোগাযোগ করতে না পার, তাহলে ফোন বা ইমেইল কর:**

**ডিস্ট্রিক্ট ৭৯**
**অফিস অব স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস**
**917-521-3639**
**YouthHelp@schools.nyc.gov**

# ৪ অধ্যায়: সত্তাত সিদ্ধান্ত নাও

## নিউ ইয়র্ক সিটি অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট

আমাদের স্কুল, শিক্ষকসমাজ এবং পরিবার, সবাই শিক্ষার্থীর সাফল্য নিশ্চিত করবার জন্য দায়বদ্ধ। পিতামাতা ও শিক্ষার্থীরা স্কুল বাছাই করবার সময়ে তাদেরকে এসব রিপোর্ট বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত তথ্য অবহিত করে।

### প্রগ্রেস রিপোর্ট

প্রত্যেক হেমন্তে অনেক স্কুল আগের বছর শিক্ষার্থীদের লেখাপড়ায় অগ্রগতিসাধনে সাফল্যের পরিচয় দেয়ার কারণে একটি রিপোর্ট এবং একটি অক্ষর গ্রেড (এ, বি, সি, ডি অথবা এফ) লাভ করে। প্রগ্রেস রিপোর্ট শিক্ষার্থীর অ্যাকাডেমিক অগ্রগতিতে প্রতিটি স্কুলের অবদান মূল্যায়ন করে, তা সেই শিক্ষার্থী যেখানেই তার দক্ষতা অভিমুখী যাত্রা শুরু করে থাকুক না কেন।

### মান নিরীক্ষণ

স্কুলবছর চলাকালে বহু স্কুল অভিজ্ঞ শিক্ষাবিদদের দ্বারা ২-৩ দিন স্কুলেই নিরীক্ষিত হয়। এই নিরীক্ষণের মধ্যে থাকে স্কুল নেতৃত্ব, শিক্ষক, শিক্ষার্থী এবং পিতামাতাদের সাথে বৈঠক, এবং ক্লাসরুম পরিদর্শন। নিরীক্ষণ প্রক্রিয়া নিচের বিষয়গুলোর উপর অভিনিবেশ করে:

- শিক্ষার্থীদের কী ধরনের কাজ করতে বলা হচ্ছে
- শিক্ষক এবং কর্মীরা শিক্ষার্থীদের লেখাপড়ায় কেমন সাহায্য করছেন
- সব শিক্ষার্থী শিখছে এটি নিশ্চিত ব্যবহৃত মূল্যায়ন ও উপাত্ত
- ক্লাসরুমের অনুশীলন উন্নত করতে কর্মীরা কতটা সহযোগিতা করেন
- শিক্ষার্থীদের সাফল্য বৃদ্ধিতে কাঠামো ও সংস্থানগত সিদ্ধান্ত

# ৫ অধ্যায়: মাধ্যমিক-উত্তর পরিকল্পন

নিরীক্ষণের ফল অনলাইনে সবিস্তারে প্রকাশ করা হয় যেখানে একটি স্কুল শিক্ষার্থীদের সাফল্য অর্জনে কতটা সুসংঘবদ্ধভাবে সংগঠিত তার উল্লেখ থাকে।

### এনওয়াইসি স্কুল সার্ভে

প্রতি বছর, সব পিতামাতা, শিক্ষক এবং ৬-১২ গ্রেডের শিক্ষার্থী তাদের স্কুলের শিক্ষণ পরিবেশের উপর একটি সমীক্ষায় অংশগ্রহণ করে এবং এর ফল স্কুল এবং জনসাধারণকে অবহিত করা হয়। সমীক্ষাগুলো একটি স্কুলের শিক্ষণ পরিবেশের চারটি মূল বিষয়ের উপর আরোকপাত করে: সুরক্ষা ও সম্মান; অ্যাকাডেমিক প্রত্যাশা; যোগাযোগ; পিতামাতা, শিক্ষক এবং শিক্ষার্থীর সংশ্লিষ্টতা।

### নির্দেশিকায় স্কুলের অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট

**অনুগ্রহ করে মনে রাখুন স্কুলের অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট শুধু ট্রান্সফার স্কুলগুলোর জন্য লভ্য।** প্রত্যেক হাই স্কুলের প্রগ্রেস রিপোর্ট গ্রেড ও মান নিরীক্ষার নম্বর এই নির্দেশিকায় সংশ্লিষ্ট স্কুলের পাতার বামপাশে দেয়া থাকে। শিক্ষণ পরিবেশ সমীক্ষার ফল স্কুলের প্রগ্রেস রিপোর্ট গ্রেডে অন্তর্ভুক্ত করা হয়, ফলে স্কুলটির পাতায় সমীক্ষার ফল যদিও তুমি সুস্পষ্টভাবে দেখতে পাবে না, এসব ফল প্রগ্রেস রিপোর্টের গ্রেডে বিবেচিত হয়েছে। অনুগ্রহ করে মনে রাখবে প্রতিবেদনগুলো আগের স্কুলবছরে স্কুলের কার্যসম্পাদনা সম্পর্কিত তথ্যের আলোকে প্রণীত হয়েছে।

**প্রগ্রেস রিপোর্ট** গ্রেড এ, বি, সি, ডি, বা এফ- এই অক্ষরগুলো দিয়ে প্রকাশ করা হবে।

**মান নিরীক্ষণের** নম্বর প্রকাশ করা হবে সংক্ষেপিত রূপে।

তুমি স্কুলের পাতায় চার ধরনের সংক্ষেপিত রূপ দেখতে পাবে:

ডব্লু = ওয়েল ডেভেলপড
পি= প্রফিশিয়েন্ট
ইউপিএফ = আন্ডারডেভেলপড উইথ প্রফিশিয়েন্ট ফিচার্স
ইউ = আন্ডারডেভেলপড

**দায়বদ্ধতার উপাত্ত**

| | 2007-2008 | 2008-2009 |
|---|---|---|
| প্রগ্রেস রিপোর্ট | B | B |
| মান নিরীক্ষণ | P | W |

*অনুগ্রহ করে লক্ষ কর: মান নিরীক্ষণে নম্বর পেতে হলে একটি স্কুলে অবশ্যই কমপক্ষে একটি গ্র্যাজুয়েট হতে যাওয়া ক্লাস থাকার পাশাপাশি স্কুলটিকে অবশ্যই এমন হবে যেটি ক্রমশ তুলে দেয়া হচ্ছে না।*

**ডিওই অ্যাকাউন্টেবিলিটি পাতা দেখতে পাওয়ার ঠিকানা:**
www.nyc.gov/schools/accountability

**সার্ভে কোয়েস্ট পাতা দেখতে পাওয়া ঠিকানা:**
www.nyc.gov/schools/surveys/quest

### সার্ভে কোয়েস্ট

আপনি সার্ভে কোয়েস্টও দেখতে পার। এটি একটি অনলাইন উপকরণ যা স্কুল বাছাইয়ে পরিবারগুলোকে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে। সার্ভে কোয়েস্ট তোমাকে নিউ ইয়র্ক সিটি স্কুলগুলোকে আরও ভাল করে বুঝতে, মূল্যায়ন করতে এবং পরস্পর তুলনা করতে স্কুল সমীক্ষালব্ধ উপাত্ত ব্যবহারের সুযোগ দেয়। তোমার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে accountability@schools.nyc.gov ঠিকানায় ডিভিশন অব পারফরম্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিবিলিটিকে ইমেইল কর অথবা তোমার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বল।

**স্কুল/আমার জন্য ঠিক কর্মসূচি অনুসন্ধান**
পেশা ও মাধ্যমিক-উত্তর সাফল্যের পথে অগ্রযাত্রার জন্য স্কুল/কর্মসূচি নির্বাচন একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়।

**ঠিক স্কুলে/কর্মসূচিতে সফল হও**
ঠিক স্কুল/কর্মসূচি কঠোর কোর্সওয়ার্ক ও সুযোগ জোগাবে বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য। এসব কর্মকাণ্ড আমাকে কলেজে এবং অন্যান্য মাধ্যমিক-উত্তর সুযোগসুবিধার জন্য প্রস্তুত হতে সাহায্য করবে।

**সফল হও: কলেজ, বৃত্তিমূলক, প্রশিক্ষণ, চাকরি**
কলেজ ও অন্যান্য মাধ্যমিক-উত্তর অভিজ্ঞতায় সাফল্য নির্ভর করবে আমি সাফল্যের পথে প্রতি পদক্ষেপে কতটা তৈরি তার উপর।

**পেশা সাফল্য!**

# ৫ অধ্যায়: মাধ্যমিক-উত্তর পরিকল্পন

**নিজেকে জান ও একটি পেশা লক্ষ্য তৈরি কর: একটি সাফল্য পরিকল্পনা!**

**মাধ্যমিক-উত্তর সাফল্যের প্রথম ধাপ নিজেকে জানা এবং পেশা লক্ষ্য তৈরি করা।**

**নিজেকে জান!**

**ডিপ্লোমার জন্য প্রস্তুতি গ্রহণের পাশাপাশি হাই স্কুল পরবর্তী জীবন নিয়ে ভাবতে হবে। এই কর্মকাণ্ড তোমাকে তোমার সামর্থ্য যাচাইয়ে মাথা ঘামাতে সহায়তা করবে। প্রথমে তুমি যেসব কাজ ও বিষয় পছন্দ কর সেগুলোর একটি তালিকা তৈরি কর। তারপর তোমার সামর্থ্যের তালিকা কর। দুটো তালিকা শেষ করার পর যেসব ক্ষেত্রে তোমার পছন্দের কাজ ও তোমার সামর্থ্যের মধ্যে মিল আছে সেগুলো নিচের খালি জায়গায় লেখ।**

| আমি যেসব কাজ পছন্দ করি | | আমার সামর্থ্য | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**আমার সামর্থ্যের সাথে যেসব কাজের মিল আছে**

| |
|---|
| |

**পেশা লক্ষ্য তৈরি কর!**

**অনেক শিক্ষার্থী জানে না কোন পেশা তারা নিতে চায়। সেটা ঠিক আছে - তুমি হয়ত হাই স্কুলে, এমনকি পরেও বহুবার মত বদলাবে। হাই স্কুল হচ্ছে বহু সম্ভাবনা পরখ করবার সময়। তোমার জন্য কোন পেমা ভাল হবে জানতে শূন্যস্থান পূরণ কর।**

| | |
|---|---|
| পেশা লক্ষ্য... | |
| হাই স্কুল গ্র্যাজুয়েশনের পর আমি করতে চাই... | |
| ১০ বছরের মধ্যে আমি হতে চাই ... | |
| ২০ বছরের মধ্যে আমি হতে চাই... | |

## একটি চেকলিস্ট: তোমার স্কুল/কর্মসূচি সজ্ঞাতভাবে নির্বাচন কর

**এই নির্দেশিকা পর্যালোচনা করার সময়ে সেসব স্কুল/কর্মসূচি সন্ধান কর যেগুলো তোমাকে কলেজ এবং অন্যান্য মাধ্যমিক-উত্তর সুযোগের জন্য প্রস্তুত করবে। প্রতিটি স্কুল/কর্মসূচি তোমার জন্য কেমন হবে বিবেচনায় নিচের চেকলিস্ট ব্যবহার কর:**

☐ আমাকে সুযোগ দেবে:

- আমার আগ্রহ অনুসারে ক্লাস নিতে
- আমার সামর্থ্যের ভিত্তিতে ক্লাসওয়ার্ক ও কর্মকাণ্ড গ্রহণ করতে
- আমার শিক্ষণ অভিজ্ঞতায় প্রযুক্তির মিশ্রণ ঘটাতে
- আমাকে কলেজের জন্য প্রস্তুত করবে এমন চ্যালেঞ্জিং কোর্স নিতে। কলেজের প্রয়োজনীয় চ্যালেঞ্জিং কোর্সের জন্য প্রস্তুতি এবং অন্যান্য মাধ্যমিক-উত্তর সুযোগ ও কাজের জগতের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা সহজ ক্লাসগুলো আমাকে দেবে না!

# ৫ অধ্যায়: মাধ্যমিক-উত্তর পরিকল্পন

☐ আমাকে জীবনব্যাপী জ্ঞানপিপাসু এবং নিচের বিষয়গুলোয় সহায়তা করবে:

- ভাল পাঠাভ্যাস গড়ে তুলবে
- সব অর্পিত দায়িত্ব যথাসময়ে সাফল্যের সাথে শেষ করার আমাকে সময় ব্যবস্থাপনা শেখাবে
- কখন এবং সাহায্য চাইতে হবে, ক্লাসে এবং ক্লাসের বাইরে শিক্ষককে প্রশ্ন করতে হবে শেখাবে

☐ আমাকে অর্থপূরণ আফটার-স্কুল ও পাঠক্রম-বহির্ভূত কর্মকাণ্ড, ক্লাব, স্পোর্টসে অংশ নিতে, ইন্টার্নশিপ বা চাকরির সুযোগ গ্রহণ করতে, এবং আমার আগ্রহের সাথে মিল আছে এবং অন্যের সাথে কাজ করা, দায়িত্ব পালন করা এবং নেতৃত্বের গুণাবলি বিকাশে সহায়তা করে এমন মেন্টরশিপে অংশ নিতে উৎসাহিত করে।

☐ গাইডেন্স ও কলেজ কাউন্সেলরের সাথে সম্পর্কযুক্ত গাইডেন্স ও অ্যাডভাইজরি কর্মসূচি এভং অন্যান্য কর্মকর্তার সাথে যোগাযোগের সুবিধা। এরা গ্যাজুয়েশনের পথে আমার এগিয়ে যাওয়ার পুরো পথে আমাকে ঘনিষ্ঠ সহিায়তা দেবেন হাই স্কুল পরবর্তী জীবনে সফল হওয়ার উপযোগী একটি পরিকল্পনা তৈরিতে। আমার কাউন্সেলর, শিক্ষক এবং স্কুলের অন্য কর্মকর্তারা আমাকে নিচের কাজগুলোয় সাহায্য করবেন:

- হাই স্কুল গ্র্যাজুয়েশন সম্পন্ন করা এবং কলেজে ও আমার পছন্দের পেশায় সফল হওয়ার জন্য আবশ্যিক বিষয়গুলো জানা
- আমার আগ্রহ ও সামর্থ্য আরও খতিয়ে দেখা; কলেজ ও পেশা সোগসুবিধা জানা; এবং কলেজে অ্যাপ্লিকেশন ও ফিনানাশিয়াল এইড প্রসেস সম্পর্কে জানা
- কেরিয়ারজোন এর মত পেমা ও কলেজ অনুসন্ধানের উপকরণ ব্যবহার করে আমাকে পেশা সম্পর্কিত পোর্টফোলিও গড়ে তোলায় সাহায্য করবেন

**কেরিয়ারজোন এর ওয়েবসাইট এই ঠিকানায় পাবেন:**
http://www.nycareerzone.org

☐ প্রতি বছর NYC এবং এর বাইরে কলেজ সফরের ব্যবস্থা, ক্যাম্পাস সফরের সময়ে বর্তমান কলেজ শিক্ষার্থীদেরকে মাধ্যমিক-উত্তর অভিজ্ঞতা সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা।

☐ গ্র্যাজুয়েশনের পর পরিকল্পনা সম্পর্কে জানতে বড়দের মত প্রশ্ন করতে আমাকে উৎসাহ দেয়:

- হাই স্কুল গ্র্যাজুয়েশনের পর আমা পরিকল্পনা নিয়ে আমার পিতামাতা/অভিভাবক, মেন্টর, শিক্ষকদের সাথে আলেচনা
- আমাকে স্বপ্নের কাজ দিতে পারে এমন লোক বা লেখাপড়ার জন্য আমার স্বপ্নের কলেজ সন্ধান

☐ হাই স্কুল ও পরবর্তী জীবনে সাফল্য লাভের চেষ্টায় আমার পিতামাতা/অভিভাবকের অর্থপূর্ণ অংশগ্রহণ।

# ৬ অধ্যায়: এই নির্দেশিকা সম্পর্কে জান

এই নির্দেশিকা বরো ভিত্তিতে বিভিন্ন অংশে বিভক্ত। প্রত্যেক অংশে সেই বরোর প্রতিটি হাই স্কুল ও কর্মসূচির বিবরণ রয়েছে। এগুলোর অনুক্রম হচ্ছে: ট্রান্সফার স্কুল, ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার (YABC), অ্যাকসেস GED কর্মসূচি, GED সাইট ও LYFE সেন্টার। এখানে সেগুলোর একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দেয়া হল:

### যোগাযোগের তথ্য

নির্দেশিকার প্রত্যেক পাতার ওপরে বামদিকের এই অংশটিতে ঠিকানা, ফোন নম্বর, ফ্যাক্সসহ স্কুলের সঙ্গে যোগাযোগের অন্যান্য তথ্য রয়েছে।

### সাইটে অভিগম্যতা

সীমিত সচল শিক্ষার্থীদের একটি স্কুলে কী ধরনের অভিগম্যতা রয়েছে তা 'কার্যকরভাবে অভিগম্য,' 'আংশিকভাবে অভিগম্য' এবং 'অভিগম্য নয়' এই শব্দবন্ধগুলো নির্দেশ করে।আরও তথ্যের জন্য অনুগ্রহ করে x নম্বর পাতা দেখ।

### ভর্তি

স্কুল এবং বর্তমানে চালু গ্রেডসমূহে ভর্তি মোট শিক্ষার্থী সংখ্যা দেয়া হয়।অনুগ্রহ করে লক্ষ কর কোন কোন স্কুলের ক্ষেত্রে ভর্তির এই সংখ্যায় নিচের গ্রেডে পরিষেবাপ্রাপ্ত শিক্ষার্থীদের সংখ্যা প্রতিফলিত হয়ে থাকে। নতুন প্রতিষ্ঠিত একটি স্কুল তার পরিকল্পিত সব গ্রেড চালু করবার পথে এই অংশে স্কুল প্রতিষ্ঠার তারিখ এবং প্রত্যাশিত গ্রেড বিন্যাসের রূপরেখা উল্লেখ করবে।

স্কুলটিতে মোট শিক্ষার্থী সংখ্যা।

Shermer Transfer School • DBN 99S123

## Shermer Transfer School

*Transfer School*

### Contact Information

**Address** 123 City Lane
Bronx, NY 10451
**Phone** 555-555-5555
**Fax** 222-222-2222
**Email** ERooney@shermerbulldogs.org
**Website** www.shermerbulldogs.org
**Site Accessibility** Accessible
**Subway** U, V, X Train to City Lane
**Bus** Q123 Bus to City Lane
**Open House Information** Friday, June 11 at 7pm

### Enrollment

**Admissions Priorities**
1. Be enrolled in a New York City high school
2. Open to students 16 years or older

**Expected Grade Configuration** School is structured on credit needs, not grade level
**Total Students** 250

### Accountability Data

| | 2008-2009 | 2009-2010 |
|---|---|---|
| Progress Report | N/A | N/A |
| Quality Review | N/A | N/A |

### Overview

We have a long standing tradition of educational merit and innovative programs specializing in research in science, the humanities and music and fine arts. Our graduates leave our school as well-rounded, knowledgeable and conscientious adults.

**Programs** Culinary Arts and Technology, Humanities and the Arts Education, Beautification, Technology, Law and Advocacy

**Language Classes** Spanish

**Partnerships** Local Government Office

**Extracurricular Activities:** Garden Project, Mentor Leadership
**Clubs:** Student leadership, Gay-Straight Alliance, School Newspaper, Dance

**School Sports** Boys and Girls Basketball

### Admissions Information

- Students and a parent/guardian will be asked to meet with school staff for an interview.

### ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার

একটি স্কুল কোন ক্রমানুসারে আবেদনকারীদের বিবেচনা করে থাকে তা ভর্তি অধ্যায়ে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার অনুচ্ছেদে বিবৃত হয়েছে। এটি তোমার বসবাসের ঠিকানা এবং তোমার বয়স কত তার নিরিখে বিধিনিষেধ বা অগ্রাধিকারের বিষয়টি অন্তর্ভুক্ত করতে পারে।

### প্রত্যাশিত গ্রেড কাঠাম

ট্রান্সফার স্কুল এবং ওয়াইএবিসি কর্মসূচিগুলোতে গ্রেড কাঠামো নেই। শিক্ষার্থীদের ক্রেডিট আলাদা হতে পারে কেননা তারা শুধু প্রয়োজনীয় কোর্স নেয়।

### দায়বদ্ধতার উপাত্ত:

এই সারণি একটি স্কুলের প্রগ্রেস রিপোর্টের গ্রেড, মান নিরীক্ষণ স্কোর এবং গ্র্যাজুয়েশনের হার উল্লেখ করে। ২০০৮-২০০৯ বলে চিহ্নিত উপাত্ত ২০০৮-২০০৯ স্কুলবছর এবং ২০০৯-২০১০ বলে চিহ্নিত উপাত্ত ২০০৯-২০১০ স্কুলবছর থেকে নেয়া হয়েছে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.nyc.gov/schools/accountability দেখুন।

উপরিচিত্র

স্কুল প্রদত্ত সংক্ষিপ্ত বিবরণ যা স্কুলটির লক্ষ্য এবং শিক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করে।

### কম্যুনিটি-বেজড অর্গানাইজেশন সার্ভিসেস

কম্যুনিটি-বেজড অর্গানাইজেশনগুলো প্রদান করে এমন কর্মসূচিসমূহের তালিকা। ট্রান্সফার স্কুল, YABC বা or GED-তে ভর্তি শিক্ষার্থীদের জন্য এসব পরিষেবা বিভিন্ন স্কুল ও কর্মসূচিতে রয়েছে। পরিষেবার মধ্যে থাকতে পারে, তবেই এতেই সীমাবদ্ধ নয়, যুব উন্নয়ন কর্মসূচি, কেস ম্যানেজমেন্ট/কাউন্সেলিং, ইন্টার্নশিপ, পেশা পরিকল্পন ও অনুসন্ধান, গাইডেন্স, ইত্যাদি।

### ইন্টার্নশিপের উল্লেখযোগ্য দিক

শিক্ষার্থী লার্নিং টু ওয়ার্কের (LTW) মাধ্যমে যেসব বিশেষ ইন্টার্নশিপ করেছে।

### অংশীদারিত্ব

কর্পোরেশন, কলেজ এবং ইউনিভার্সিটি, ইনস্টিটিউশন এবং অর্গানাইজেশন যেগুলোর সাথে ট্রান্সফার স্কুল, YABC বা অ্যাকসেস GED কর্মসূচি সহযোগিতা করে।

# ৬ অধ্যায়: এই নির্দেশিকা সম্পর্কে জান

**উপরিচিত্র (আগের পৃষ্ঠার পর)**

### কর্মসূচির উল্লেখযোগ্য দিক, ভাষা শিক্ষার ক্লাস, উচ্চতর পাঠক্রম

যেকোন বিশেষ কর্মসূচি, উচ্চতর পাঠক্রম কোর্স ও ভাষার ক্লাস যেগুলো স্কুলটিতে আছে।

### পাঠক্রম বহির্ভূত

শিক্ষার্থীরা, সাধারণত স্কুলের আগে বা পরে, অংশগ্রহণ করতে পারে এধরনের কর্মকাণ্ড। এগুলোর ভেতর থাকতে পারে নেতৃত্ব গঠন, ক্লাব, প্রকাশন, জাতিগত/সংস্কৃতিগত কর্মকাণ্ড, শিল্পকলা, খেলাধুলা, বার্ষিক নাট্য প্রযোজনা, ইত্যাদি। মনে রেখ, কোন কোন স্কুল সব সুযোগ-সুবিধার তালিকা নাও দিতে পারে। বিশেষ কোন কার্যক্রমের ব্যাপারে তোমার আগ্রহ থাকলে এবং তার উল্লেখ এই পাতায় না দেখতে পেলে, আরও তথ্যের জন্য স্কুলের সাথে যোগাযোগ কর অথবা স্কুলের ওয়েবসাইট দেখ।

### পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL) অল্টারনেটিভ স্পোর্টস টিম

প্রতিযোগিতামূলক বয়েজ, গার্লস এবং কো-এড স্পোর্টস টিম যেগুলো PSAL অল্টারনেটিভ লিগে অংশ নেয়।

### স্কুল স্পোর্টস

স্কুলভিত্তিক অ্যাথলেটিক ও ইন্ট্রাম্যুরাল স্পোর্টস।

### ভর্তির তথ্য

এখানে তুমি জানবে ভর্তির জন্য স্কুল ও কর্মসূচিগুলো যেসব প্রক্রিয়া ব্যবহার করে সেগুলোর কথা। প্রতিটি ট্রান্সফার স্কুলের ভর্তির নিয়মকানুন আলাদা।

## নিউ ইয়র্ক স্টেট অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট

### অ্যাডেকোয়েট ইয়ার্লি প্রগ্রেস (AYP)

অ্যাডেকোয়েট ইয়ার্লি প্রগ্রেস (এওয়াইপি) সব শিক্ষার্থীর দক্ষতা অর্জনের লক্ষ্যের দিকে সন্তোষজনক অগ্রগতি নির্দেশ করে। এওয়াইপি অর্জনের জন্য স্কুলগুলোকে স্টেটের বার্ষিক মূল্যায়নে ন্যূনতম শিক্ষার্থী অংশগ্রহণ এবং অ্যাকাডেমিক পারফরম্যান্সের লক্ষ্যমাত্রা অবশ্যই পূরণ অথবা অতিক্রম করতে হবে।

### ডিফারেনশিয়েটেড অ্যাকাউন্টেবিলিটি (DA)

যেসব অ্যাকডেমিক কারণের জন্য একটি স্কুলকে নো চাইল্ড লেফট বিহাইন্ড (এনসিএলবি) অ্যাক্টের আওতায় উন্নতি আবশ্যক বলে চিহ্নিত করা হয়েছে এই কর্মসূচি নিউ ইয়র্ককে শিক্ষার্থী সাফল্য বৃদ্ধিতে সেসব কারণের সাথে উন্নততর হস্তক্ষেপমূলক ব্যবস্থার সঙ্গতিবধানের সুযোগ দেয়। এছাড়া, এই নমনীয়তা চুক্তি লোকাল এডুকেশন এজেন্সিগুলোকে (এলইএ) উন্নতির প্রথম বছরে টাইটেল ১ স্কুলের যোগ্য শিক্ষার্থীদের সাপ্লিমেন্টাল এডুকেশন সার্ভিস (এসইএস) প্রদানের অনুমতি দেয়। এই পরিষেবা ব্যবস্থায় একটি স্কুল উন্নতি আবশ্যক বলে চিহ্নিত হওয়ার পর অ্যাডেকোয়েট ইয়ার্লি প্রগ্রেস অর্জনে ব্যর্থ না হওয়া অবধি স্কুল বদলি সুযোগ বিলম্বিত করা হয়।

> ডিফারেনশিয়েটেড অ্যাকাউন্টিবিলিটি সম্পর্কে আরও তথ্য জানতে হলে,
> নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর নিচের ওয়েবসাইট দেখুন:
>
> http://www.emsc.nysed.gov/nyc/APA/DifferentiatedAccountability/DA_home

### স্কুল ইন নিড অব ইমপ্রুভমেন্ট (SINI)

স্কুল ইন নিড অব ইম্প্রুভমেন্ট (সিনি) বলতে সেই স্কুলকে বোঝায় যেটি উল্লিখিত বিষয়গুলোয় নিউ ইয়র্ক স্টেটের সাফল্যের মানদণ্ড অনুযায়ী পরপর দুবছর অ্যাডেকোয়েট ইয়ার্লি প্রগ্রেস (এওয়াইপি) লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি:

- ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA)
- ম্যাথম্যাটিক্স
- সায়েন্স শুধু (গ্রেড ৩-৮)
- হাই স্কুল গ্র্যাজুয়েশন রেট

কোন স্কুল বহু শিক্ষার্থীর জন্য ভাল ফল দেখালেও, সব শিক্ষার্থীর জন্য যথেষ্ট উন্নতি অর্জন করতে পারেনি। অন্য ক্ষেত্রে, স্কুলগুলোকে উন্নতি আবশ্যক বলে চিহ্নিত করা হয় যখন অপর্যাপ্তসংখ্যক শিক্ষার্থী স্টেটের আবশ্যিক পরীক্ষাগুলোয় অংশ নেয়।

## নিউ ইয়র্ক স্টেট অ্যাকাউন্টেবিলিটি রিপোর্ট (আগের পৃষ্ঠার পর)

স্টেটের ডিফারেনশিয়েটেড অ্যাকাউন্টিবিলিটি ব্যবস্থার (নিচের সারণি দেখুন) আওতায় একটি স্কুল কত বছর এওয়াইপি অর্জনে ব্যর্থ হয়েছে তার তিনটি ধাপ রয়েছে: **উন্নতি, সংশোধনমূলক ব্যবস্থা,** এবং **পুনর্গঠন**। এই পর্যায়গুলোর আওতায় এওয়াইপি লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার পরিসীমার ভিত্তিতে তিনটি উপ-বিভাগ রয়েছে: প্রাথমিক (শুধু উন্নতি পর্যায়ের জন্য); অভিনিবেশ; এবং সামগ্রিক।

একটি স্কুলের উন্নতিবিধানে গৃহীত হস্তক্ষেপের গভীরতা, পরিধি এবং ব্যাপকতার পাশাপাশি প্রাথমিক সহায়তাকারী, তত্ত্বাবধান ও হস্তক্ষেপ উন্নতির পর্যায় ও শ্রেণিভেদে আলাদা হয়ে থাকে। এসব পর্যায় ছাড়াও, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এনওয়াইএসইডি) "ক্রমাগতভাবে সবচেয়ে কম অর্জনকারী" স্কুল এবং বেশিরভাগ স্কুল আনডার রেজিস্ট্রেশন রিভিউ (সার)-কে চিহ্নিত করবে।

| উন্নতির পর্যায় | পরিণাম |
|---|---|
| **উন্নতি** | • উন্নতির পর্যায় পিতামাতাদেরকে অবহিত করা হয়।<br>• নিউ ইয়র্ক স্টেট স্কুল মান নিরীক্ষণ পরিচালনা করে।<br>• স্কুল এবং পিতামাতারা উন্নতির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেন (স্কুলের সিইপি-র অংশ হিশেবে) এবং উন্নতির লক্ষ্য অর্জনে প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br>• পিতামাতাদেরকে সাপ্লিমেন্টাল এডুকেশনাল সার্ভিসেস (এসইএস) এবং/অথবা পাবলিক স্কুল চয়েস ট্রান্সফার সুবিধার কথা অবহিত করা হয়। |
| **সংশোধনমূলক ব্যবস্থা** | • স্কুলগুলো সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে এবং পাঠক্রম অডিটে অংশ নেয়। |
| **পুনর্গঠন** | • একটি স্কুল পুনর্গঠন পরিকল্পনা প্রণয়ন।<br>• একটি জয়েন্ট ইনটারভেনশন টিম ও ডিস্টিংগুইশড এডুকেটর টিমকে দায়িত্বপ্রদান: পুনর্গঠন পরিকল্পনা বাস্তবায়ন এবং, প্রয়োজনবোধে, সংশোধনে বহিরাগত কর্মকর্তারা স্কুলকে সহায়তা করবেন।<br>• সময়ের ব্যবধানে একটি স্কুল যথেষ্ট ভাল করতে পারলে স্কুলটি ক্রমশ/একবারে বন্ধ করে দেয়া হতে পারে। |

### উন্নতি পদক্ষেপ

উন্নিতি আবশ্যক বলে চিহ্নিত সব স্কুলকে তাদের নির্দেশনা কর্মসূচি ও ব্যবস্থাপনা উন্নত করতে সহায়তা করার জন্য হস্তক্ষেপ কার্যক্রম বাস্তবায়ন করতে হয়। উন্নতির প্রত্যেক পর্যায়ে স্কুলের উন্নতি পরিকল্পনায় স্কুল সুনির্দিষ্ট ডায়াগনস্টিক এবং/অথবা সহায়তা (স্কুল মান নিরীক্ষণ, পাঠক্রম নিরীক্ষণ, এবং জয়েন্ট ইনটারভেনশন টিম অথবা ডিস্টিংগুইশ এডুকেটরকে ব্যবহার করে)। একটি স্কুল পরপর দুবছর এওয়াইপি অর্জনে ব্যর্থ হলে এক পর্যায় থেকে আরেক পর্যায়ে অবনমিত হয়। উন্নতি আবশ্যক আখ্যা ঘোচানর জন্য স্কুলকে পরপর দুবছর এওয়াইপি লক্ষ্যমাত্রা অর্জন করতে হয়।

### নো চাইল্ড লেফট বিহাইন্ড (NCLB)

২০০১ সালের নো চাইল্ড লেফট বিহাইন্ড অ্যাক্ট (এনসিএলবি) অনুসারে, দুই বছর বা আর বেশি সময় ধরে টাইটেল ১ স্কুলস ইন নিড অব ইম্প্রুভমেন্ট (সিনি) অথবা স্কুল আন্ডার রেজিস্ট্রেশন রিভিউ (সার) বলে চিহ্নিত স্কুলগুলোর শিক্ষার্থীদের অবশ্যই উন্নতি আবশ্যক নয় এমন স্কুলে বদলির সুযোগ দিতে হবে। এনসিএলবি পাবলিক স্কুল চয়েস সম্পর্কে আরও জানতে NCLB_PSC@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন। আপনি যদি সাপ্লিমেন্টাল এডুকেশনাল সার্ভিসেস (এসইএস) সম্পর্কে তথ্য চান তাহলে NCLBSESProgramSupport@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

**নো চয়েস লেফট বিহাইন্ড পাবলিক স্কুল চয়েস সম্পর্কে আরও জানতে দেখুন**
**www.nyc.gov/schools/nclb**